# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৩২]

১৮/ বিবিধ চিত্তকর্ষী হাদিসসমূহ (كتاب المنثورات والملح)

পরিচ্ছেদঃ ৩৭০ : দাজ্জাল ও কিয়ামতের নিদর্শনাবলী সম্পর্কে

(370) بَابُ اَحَادِيْثِ الدَّجَّالِ وَاَشْرَاطِ السَّاعَةِ وَغَيْرِهَا

আরবী

وَعَنْ أَبِي ثَعْلَبَةَ الخُشَنِيِّ جُرثُومِ بنِ نَاشِرٍ رضي الله عنه عَن رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَالَ: «إنَّ اللهَ تَعَالَى فَرَضَ فَرَائِضَ فَلاَ تُضَيِّعُوهَا، وَحَدَّ حُدُوداً فَلاَ تَعْتَدُوهَا، وَحَرَّمَ أَشْيَاءَ فَلاَ تَنْتَهِكُوهَا، وَسَكَتَ عَنْ أَشْيَاءَ رَحْمَةً لَكُمْ غَيْرَ نِسْيَانٍ فَلاَ تَبْحَثُوا عَنْهَا». حديث حسن، رواه الدارقطني وغيره

বাংলা

২৫/১৮৪১। আবূ সা’লাবাহ খুশানী জুরসূম ইবনে নাশের রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ বলেছেন, ’’মহান আল্লাহ অনেক জিনিস ফরয করেছেন তা নষ্ট করো না, অনেক সীমা নির্ধারিত করেছেন তা লঙ্ঘন করো না, অনেক জিনিসকে হারাম করেছেন, তাতে লিপ্ত হয়ে তার [মর্যাদার পর্দা] ছিন্ন করো না। আর তোমাদের প্রতি দয়া করে---ভুল করে নয়---বহু জিনিসের ব্যাপারে নীরবতা অবলম্বন করেছেন, সে ব্যাপারে তোমরা অনুসন্ধান করো না।’’ [হাসান হাদিস, দারাকুত্বনী প্রমুখ] [1]

## English

(370) Chapter: Ahadith about Dajjal and Portents of the Hour

Abu Tha'labah Al-Khushani (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "Allah, the Exalted, has laid down certain duties which you should not neglect, and has put certain limits which you should not transgress, and has kept silent about other matters out of mercy for you and not out of forgetfulness, so do not seek to investigate them."

[Ad-Daraqutni and others]

Commentary: According to Sheikh Al-Albani there is a break in the chain of this narration. He has given the details about it in his book. But some other

scholars have declared it in the category of Hasan narrations. Even Imam AnNawawi has termed it as Hasan. For details refer to Mustadrak Al-Hakim, Vol. 4: P. 115; Majma` Az-Zawaid, Vol. 7: P.75; Tirmidhi: Chapter relating to Dress, No. 1726; Ibn Majah: Book of Food: Chapter: Eating of Cheese and Butter No:3367; As-Sunan Al-Kubra by Al Baihaqi: Book of Sacrifice, Chapter: What has been said about hyena and fox.
According to Imam As-Sam`ani, this Hadith is very important, as the details of important things have been given
here. Whosoever leads his life accordingly, will surely succeed in this life and the Hereafter.

## ফুটনোট

[1] আমি [আলবানী) বলছিঃ হাদীসটির সনদে বিচ্ছিন্নতা রয়েছে। আমি আমার ‘‘গায়াতুল মারাম ফী তাখরীজে আহাদীসিল হালাল অল হারাম-লিল উসতায শাইখ ইউসুফ কারযাবী’’ গ্রন্থে [নং ৪) এ মর্মে ব্যাখ্যা প্রদান করেছি [এটি আলমাকতাবুল ইসলামী কর্তৃক ছাপানো)। এ ছাড়া সা‘লাবা আলখুশানীর নাম নিয়ে বহু আজব ধরনের মতভেদ সংঘটিত হয়েছে। হাফিয ইবনু হাজার হাফেয এবং জ্ঞানী হওয়া সত্ত্বেও অগ্রাধিকারপ্রাপ্ত মত প্রকাশ করতে সক্ষম হননি। বরং তিনি তার বিষয়টি আল্লাহর উপরেই ছেড়ে দিয়েছেন। এ কারণে লেখকের ব্যাপারে আশ্চর্য হতে হয় তিনি কিভাবে দৃঢ়তার সাথে তার নাম উল্লেখ করলেন তার ব্যাপারে মতভেদের বিষয়টির দিকে ইঙ্গিত না করেই।

আবূ মুসহের দেমাস্কি, আবূ নু‘য়াঈম ও ইবনু রাজাব বলেনঃ আবূ সা‘লাবা হতে মাকহূলের শ্রবণ সাব্যস্ত হয়নি। হাফিয ইবনু হাজার ও হাফিয যাহাবীও বলেছেনঃ সনদটি বিচ্ছিন্ন। [দেখুন ‘‘ফাতাওয়াস শাইখ মুহাম্মাদ সালেহ্ আলমুনজিদ’’ [পৃ ৩)]।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ সা‘লাবাহ্ আল খুশানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32634

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন